শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## কালীগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৪ মাসের সভার কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মাহবুবুজ্জামান আহমেদ<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>কালীগঞ্জ, লালমনিরহাট। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| সভার তারিখ | : ২৫/০১/২০২৪। |
| সময় | : বেলা: ১১.৩০ টায়। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |
| অনুপস্থিতি | : পরিশিষ্ট 'খ' |

কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যদের শুভেচ্ছা জানান এবং উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগীয় প্রধানের সহযোগিতা চেয়ে দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে সভার কাজ পরিচালনার জন্য অনুরোধ জানান। জনাব জহির ইমাম, উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করেন।

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

সভায় ২৬/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত ডিসেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০২। কমিটি সমূহের সুপারিশ সম্পর্কিত আলোচনা :

উপজেলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদে তার নেতৃত্বাধীন সভাগুলোর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কমিটির সকল সদস্য সচিবগণকে অনুরোধ জানান এবং সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করেন।

বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত : বিভাগওয়ারী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

(i) স্বাস্থ্য বিভাগ :

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, বর্তমানে তার দপ্তরে ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, কর্মরত ১৩জন এবং শূন্য পদ রয়েছে ১৬টি। হাসপাতালে নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি কর্মরত ৩৮জন এবং শূন্য পদ ০১টি। বহিঃ বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৪০৮৬জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৫৪৪জন এবং আন্তঃ বিভাগে ভর্তি ৬৬৬জন। ইসিজি সেবা প্রদান ৩৯জন এবং আলট্রাসনোগ্রাম ০জন, এক্স-রে পরীক্ষা ০জন, প্যাথলজিক্যাল পরীক্ষা ২৪৫জন এবং স্বাভাবিক প্রসব ৩৩জন। এছাড়া ২০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত তার দপ্তরে করোনা ভাইরাস ১ম ডোজ ২,৩৪,৩২৪জন, ২য় ডোজ ২,১৭,৮৩১জন এবং ৩য় ডোজ ৯৫,০৭৭জন ভ্যাকসিন প্রদান করেছেন বলে সভায় জানান।

সিদ্ধান্ত : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে স্বাস্থ্য সেবার মান উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(ii) কৃষি বিভাগ :

উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। কালীগঞ্জ উপজেলায় ১৩১০০ হেক্টর জমির মধ্যে ১০০ হেক্টর জমিতে ধান রোপন সম্পন্ন হয়েছে। সার ব্যবস্থাপনা, পানি ব্যবস্থাপনা, লাইন-লোগো টেকনোলজি অনুসরণ করে ধান রোপন চলমান রয়েছে। বর্তমান কৃষি বান্ধব সরকারের নির্দেশনা, "বোরো ধানের আবাদ কমানো যাবে না" বাস্তবায়নে বদ্ধপরিকর। গত বছর সরিষার অর্জন ছিল ৪৭০ হেক্টর জমি যা বর্তমান বছর বেড়ে ৬৪৫ হেক্টর জমি হয়েছে। যার দরুণ স্বাস্থ্যসম্মত সরিষার তেল খাওয়া যেমন বৃদ্ধি তেমনি বাজারের ক্ষতিকর সয়াবিন তেল খাওয়া থেকে বিরত রাখা সম্ভব হবে। ভূট্টার লক্ষ্যমাত্রা ছিল ৪১৭০ হেক্টর জমি; তন্মধ্যে ৪১১০ হেক্টর জমিতে ভূট্টা রোপন হয়েছে। রোগ ও পোকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আলুর ১০১০হেক্টর জমিতে লক্ষ্যমাত্রার মধ্যে ১১৯৫হেক্টর আলুর আবাদ হচ্ছে। আলুর রোগ-পোকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা ১ইঞ্চি জমিও যাতে অনাবাদী না থাকে সে লক্ষ্যে অনাবাদী পতিত জমি ও বসতবাড়ীর আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন সম্পন্ন হয়েছে। উপজেলার সার পরিস্থিতি সন্তোষজনক এবং পর্যাপ্ত মজুদ রয়েছে। কৃষি অফিস চত্বরে প্রণোদনা কার্যক্রমসহ দৈনিক সেবা গ্রহিতার সংখ্যা প্রচুর হওয়ায় তাদের জন্য কোনরকম টয়লেট এর ব্যবস্থা না থাকায় সেবা প্রদান কার্যক্রম ব্যহত হচ্ছে। তাই তিনি সেবা গ্রহিতা কৃষকদের জন্য টয়লেট এর ব্যবস্থা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিভাবে রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা কৃষি অফিস চত্বর, কালীগঞ্জ, লালমনিরহাট-এ কৃষকদের প্রণোদনা কার্যক্রমসহ দৈনিক সেবা গ্রহিতার সংখ্যা প্রচুর হওয়ায় তাদের জন্য টয়লেট এর ব্যবস্থা গ্রণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iii) প্রাণিসম্পদ বিভাগ :

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। তিনি জানান যে, এ উপজেলায় জানুয়ারি/২০২৪ মাসে সংকর জাতের গবাদি পশুর বাছুরের সংখ্যা ২৬৫টি ও গবাদী পশুর চিকিৎসা সংখ্যা ২৬৩৬টি। টিকা প্রদানকারী গবাদী পশুর সংখ্যা ৮১২টি। হাঁস-মুরগীর সংখ্যা ৬৩৩০০টি। চিকিৎসা প্রদানকারী হাঁস-মুরগীর সংখ্যা ১২৬২০টি এবং পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০২টি যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া পশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ সংখ্যা ০৬টি, ডিজিজ সার্ভিলেন্স সংখ্যা ০২টি, খামারি প্রশিক্ষণ প্রদান সংখ্যা ০ জন। এছাড়া তিনি আরও জানান যে, গতমাসে ২১৯০ মেট্রিক টন দুধ ও ১৪৮৬ মেট্রিক টন মাংস এবং ৪৫.৫ লক্ষমাত্রা ডিম উৎপাদন করা হয়েছে মর্মে সভায় জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

((iv) উপজেলা প্রকৌশলী :

(ক) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির এডিপি/উন্নয়ন তহবিলের আত্ততায় আগস্ট ২০২৩ মাসের অনুমোদিত প্রকল্প তালিকা হতে সংশোধন/পরিবর্তন/পরিমার্জন/অন্তর্ভুক্তকরণ এডিপি'র প্রকল্প তালিকা নিম্নোক্তভাবে সভায় পর্যালোচনাপূর্বক উপস্থাপন করেন। প্রকল্পসমূহ নিম্নরূপ:

| ক্র: নং | অনুমোদিত প্রকল্পের নাম | সংশোধিত প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য (সম্ভাব্য) | সংশোধিত প্রাক্কলিত মূল্য (সম্ভাব্য) | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ০১ | দক্ষিণ ঘনেশ্যাম আর্মির গোডাউনের সামনে ইউড্রেনসহ রাস্তা মেরামত | -- | ৩,০০,০০০.০০ | -- | RFQ |
| ০২ | কালীগঞ্জ থানা, লালমনিরহাট এর ওয়েটিং রুম সংস্কার এবং গ্যারেজ নির্মাণ | -- | ৫,০০,০০০.০০ | ৪,০০,০০০.০০ | RFQ |

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত প্রকল্প ০২টি উপর সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনান্তে সকল সদস্যগণের মতামতের ভিত্তিতে ২০২৩-২৪ অর্থ বছরের অগ্রাধিকার প্রকল্পসমূহের মধ্যে সংশোধিত এবং নতুন অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নে সভায় সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য যে, উক্ত প্রকল্পসমূহের অনুকূলে প্রাক্কলন প্রস্তুত করতে অর্থের সংকুলান হলে পরবর্তীতে থোক বরাদ্দ হতে সমন্বয় করার জন্য অনুরোধ জানানো হয়।

(খ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, (নন-মিউসিপ্যাল) প্রকল্পের আত্ততায় তুষভান্ডার রেল স্টেশনের পিছনে ফায়জুলের বাড়ী থেকে ফারুকের পুকুর পর্যন্ত জরুরী ভিত্তিতে ড্রেন নির্মাণ করা প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন। এছাড়া তিনি আরও জানান যে, চন্দ্রপুর ইউনিয়নের পানি খাওয়ার ঘাট এর পার্শ্বে জরুরী ভিত্তিতে ০১টি বক্স কালভার্ট নির্মাণ করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত (নন-মিউসিপ্যাল) প্রকল্পের আত্ততায় তুষভান্ডার রেল স্টেশনের পিছনে ফায়জুলের বাড়ী থেকে ফারুকের পুকুর পর্যন্ত জরুরী ভিত্তিতে ড্রেন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(গ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক চত্বরে জোড়াবাড়ি নামে ০২টি ঝুঁকিপূর্ণ আবাসিক ভবন রয়েছে; যা বসবাসের অনুপযোগী হওয়ায় ভবন ০২টি কনডেম ঘোষণাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সকলের মতামতের জন্য বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জোড়াবাড়ি সংক্রান্ত নথিপত্র উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর নিকট উপস্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের আবাসিক চত্বরে জোড়াবাড়ি নামে ০২টি ঝুঁকিপূর্ণ আবাসিক ভবন সংক্রান্ত বিষয়াদি উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর নিকট উপস্থাপনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(v) <u>মৎস্য বিভাগ</u> :

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(vi) <u>পরিবার পরিকল্পনা বিভাগ</u> :

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন পুরুষ ০ জন, মহিলা ০ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণ করেছেন আই ইউ ডি ৫০০জন, ইমপ্ল্যান্ট ৩৫জন। অস্থায়ী পদ্ধতি (ক) খাবার বড়ি বিতরণ (সুখী) ১১৮০২চক্র, (খ) খাবার বড়ি বিতরণ (আপন) ১৫৯চক্র, কনডম ৫৮১০পিস, ইনজেকটেবলস ১২৭৩টি (ভায়াল) বিতরণ করা হয়েছে। তিনি জানান মোট সক্ষম দম্পতি ৫৫২২৭জন এবং মোট পদ্ধতি গ্রহণকারী ৪৪২১১জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.০৫%। মা ও শিশু কার্যক্রম সম্পর্কে তিনি আরও জানান যে, নিবন্ধনকৃত গর্ভবতী মায়ের সংখ্যা পুরাতন ৮৯৪জন, নতুন গর্ভবতী ১৮৫জন মোট গর্ভবতী ১৫৯৪জন এবং ১৯৮০জন গর্ভবতীর পরিচর্যা করা হয়েছে। ১৬৯জন নরমাল ডেলিভারী, সিজারিয়ান ৭৩জন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী ০৭জন। ০-৫ বছরের শিশুর সেবা প্রদান করা হয়েছে ২২০৩জন। কিশোর-কিশোরী বয়ঃসন্ধিকাল সেবা দেয়া হয়েছে ৪৪৭০জনকে এবং সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ৩৭১৭জনকে। অত্র উপজেলায় ৪৮টি স্যাটেলাইট কমিউনিটি ক্লিনিকের মধ্যে সম্পাদিত হয়েছে ৩৯টি। তিনি আরও জানান যে, মাঠ পর্যায়ে বাড়ী বাড়ী দম্পতি রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম অব্যাহতরাখাসহ বিভাগীয় কর্যক্রম গতিশীল করার অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(vii) <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ</u> :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, দূর্যোগ ব্যবস্থাপণা মন্ত্রণালয়ের অধীন ০৭টি ব্রীজের কাজ চলমান রয়েছে। টি,আর ও কাবিখা প্রকল্পের কাজ চলমান রয়েছে। ইজিপিপি অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি শ্রমিকদের বিল পে-রোল পাঠানো হয়েছে এবং খুব দ্রুত শ্রমিকরা মজুরী বিল পেয়ে যাবেন। এছাড়া এইচবিবি প্রকল্পের আত্ততায় ০১টি প্রকল্পের কাজ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে গৃহিত প্রকল্পের ব্রীজ ও এইচবিবি প্রকল্পের কাজ নজরদারি রাখাসহ দ্রুত সম্পন্নকরণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(viii) <u>মাধ্যমিক শিক্ষা বিভাগ</u> :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হলো না।

সিদ্ধান্ত : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(ix) <u>প্রাথমিক শিক্ষা দপ্তর</u> :

উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, সরকারি প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন কাজ চলমান রয়েছে। শৈত্য প্রবাহের কারণে তাপমাত্রা ১০ ডিগ্রী সেলসিয়াস হওয়ার কারণে ২৫/০১/২০২৪ তারিখ পর্যন্ত বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম বন্ধ থাকার পরেও শিক্ষকগণ বিদ্যালয়ে যথানিয়মে আগমন ও প্রস্থান করেছেন। নিথক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৫.০০ শতাংশ জমি অবৈধভাবে দোকানঘর নির্মাণ করে দখল করে আসছেন মর্মে দখলদার উচ্ছেদের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন। গত ০১/০১/২০২৪ তারিখের মধ্যে নতুন বই শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া হয়েছে মর্মে সভায় জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(x) সমাজসেবা বিভাগ :

উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের দ্বিতীয় কিস্তির অর্থ ডিসেম্বর মাসের ১৭-৩০ তারিখের মধ্যে সম্পন্ন করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে সকল প্রকারের ভাতা কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

(xi) জনস্বাস্থ্য প্রকৌশলী :

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১৪০টি অগভীর নলকূপের কাজ শেষ হয়েছে এবং ১৫টি বোরিং করা হয়েছে। Community Based water supply এর কাজ চলমান রয়েছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে একতলা ওয়াশব্লক নির্মাণের জন্য মাষ্টার প্লান অনুমোদনপূর্বক কাজ চলমান রয়েছে। MBTW এর ৫৩টি অগভীর নলকূপের কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

সিদ্ধান্ত : উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xii) সমবায় বিভাগ :

উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা সমবায় বিভাগ কর্তৃক ০৪টি আশ্রয়ণ এবং ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের কার্যক্রম চলমান আছে। ০৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে কাশীরাম, ভোটমারী-১ এবং ভোটমারী-২ আশ্রয়ণ প্রকল্প সম্পূর্ণরুপে নদীগর্ভে বিলীন হয়ে গেছে এবং বোতলা আশ্রয়ণ ও মহিষামুড়ী আশ্রয়ণ ফেইজ-২ এবং উত্তর বালাপাড়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ব্যারাক হাউজের ঘড়গুলো মেরামত না করায় পুনর্বাসিত পরিবারগুলো ব্যারাক হাউজ ছেড়ে অন্যত্র বসবাস করছে। আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের আওতায় চলমান প্রকল্পগুলো হলো ১) উত্তর বালাপাড়া, ২) উত্তর দলগ্রাম কালভৈরব, ৩) উত্তর দলগ্রাম বড়দীঘির পাড় এবং ৪) মহিষামুড়ী আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প। উল্লিখিত ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পে মোট ৩৪০টি পরিবার পুনর্বাসিত হয়েছে। উক্ত পুনর্বাসিত পরিবারের মধ্যে আগস্ট/২০২৩ মাস পর্যন্ত মোট ৩৬,৪৭,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। উক্ত ঋণের মধ্যে আগস্ট ২০২৩ মাসেমোট আসল ১৯,০৬,৬১৭/- এবং ১,৫২,২৩৮/- সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। উক্ত সার্ভিস চার্জ এর মধ্যে ৩% হিসেবে আশ্রয়ণ প্রকল্পে ৫৪,৯৩০/- টাকা প্রেরণ করা হয়েছে। আলোচ্য মাস পর্যন্ত অত্র কার্যালয়ের আওতাধীন ৬৬টি প্রাথমিক সমিতির মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। চলমান আটটি সম্পাদনকৃত অডিটের প্রেক্ষিতে অডিট ফি বাবদ ৩৯,৬৩০/- টাকা, সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৭০,৮২৮/- টাকা ও ভ্যাট বাবদ ৩,৪৬৫/- টাকা আদায় করা হয়েছে। উক্ত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া বর্তমানে তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে কালীগঞ্জ উপজেলায় আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় বর্তমান মাস পর্যন্ত ১০টি আশ্রয়ণ প্রকল্পের নিবন্ধন কার্যক্রম প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

সিদ্ধান্ত : সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiii) মহিলা বিষয়ক দপ্তর :

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের আওতায় ডিসেম্বর ২০২৩ মাসের ২১৩৬জন উকারভোগীদের খাদ্যশষ্য বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরের অক্টোবর হতে ডিসেম্বর/২৩ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী WTC প্রশিক্ষণ কেন্দ্রে দর্জি বিজ্ঞান ট্রেডে ১০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ডিসেম্বর/২৩ মাসে ঋণের কিস্তি বাবদ সুদাসলসহ ২,৯৪৮/- টাকা আদায় হয়েছে এবং ব্যাংকে জমা করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। ডিসেম্বর/২৩ মাসে স্থিতির পরিমাণ ৫০৭১৫৭/২৬ টাকা। অত্র কার্যালয়ের অধীনে ০৮টি ইউনিয়নে অবস্থিত ০৮টি ক্লাবের ক্লাব প্রতি ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জন হিসেবে ২৪০ জন সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ডিসেম্বর/২৩ মাসে জজ কোর্ট, লালমনিরহাট হতে নারী ও শিশু নির্যাতন বিষয়ে কোন মামলা তদন্তের জন্য অত্র কার্যালয়ে জমা পরে নাই। এছাড়াও তিনি জানান যে, অত্র কার্যালয়টি বারান্দার কাঠ ও টিন নষ্ট হয়ে যাওয়ায় ব্যবহারের অনুপযোগী হেতু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiv) পল্লী উন্নয়ন :

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ক্ষুদ্র ঋণ, উদ্যোক্তা ঋণ বিতরণ, পুঁজি গঠন ও ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে ৪০জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ৬০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(xv) যুব উন্নয়ন বিভাগ :

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, চলতি অর্থবছরে এ যাবৎ প্রশিক্ষণার্থীর সংখ্যা ৮৬২২জন। তন্মধ্যে পুরুষ প্রশিক্ষণার্থী ৪৮৩৯জন ও নারী প্রশিক্ষণার্থী ৩৭৮৩জন। চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ৯,৪০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১,৯৮,৯৯,৫০০/- (এক কোটি আটানব্বই লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা। সর্বমোট আদায়যোগ্য ঋণ ১,৪৭,৬০,৪৬২/- (এক কোটি সাতচল্লিশ লক্ষ ষাট হাজার চারশত বাষট্টি) টাকা। ঋণ আদায় হার ৮৬%। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানান।

সিদ্ধান্ত : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xvi) ফরেষ্টার উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র :

ফরেষ্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ভোটমারী ইউনিয়নের আফজাল মিয়ার বাড়ী হতে সটিপাড়া পর্যন্ত ১.০০ কি: মি: সংযোগ সড়কে, তুষভান্ডার ইউনিয়নের তুষভান্ডার রেল স্টেশনের পশ্চিম পার্শ্বে রেলক্রসিং হইতে ভোটমারী অভিমুখে ৪.০০ কি. মি., কাকিনা ইউনিয়নের কাকিনা হাটের পূর্ব দিক হতে ইশোরকোল অভিমুখে ৫.০০ কি. মি. (বাঁধ পর্যন্ত) এবং ভোটমারী ইউনিয়নের শ্রুতিধর মৌজার দরগার পাড় হতে বড়দিঘীর পাড় পর্যন্ত ২ কি. মি. পর্যন্ত রোপিত বাগানের গাছ চুক্তির শর্ত সাপেক্ষে বিধি মোতাবেক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে কর্তনপূর্বক সুবিধাভোগীদের মাঝে অর্থ বন্টনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত : ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট-কে উল্লিখিত স্থানের রোপিত বাগানের গাছ চুক্তির শর্ত সাপেক্ষে বিধি মোতাবেক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

০৪। বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত :

(ক) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী মহোদয়ের সুপারিশক্রমে বাংলা ১৪৩০ সনের হাট-বাজার রক্ষনাবেক্ষণ ও মেরামত (১০%) অর্থদ্বারা গোড়ল ইউনিয়নের নিম্নোক্ত প্রকল্প ০২টি গ্রহণপূর্বক বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্প ০২টি বাস্তবায়নের জন্য সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। প্রকল্পসমূহ নিম্নরুপ:

| ক্র: নং | প্রকল্পের নাম | সম্ভাব্য বরাদ্দের পরিমাণ |
|---|---|---|
| ১. | কালীগঞ্জ উপজেলাধীন গোড়ল ইউনিয়নের বলাইহাটের ভিতরের গলি আরসিসিকরণ | ৫,০০,০০০/- |
| ২. | কালীগঞ্জ উপজেলাধীন গোড়ল ইউনিয়নের বলাইহাটের বাহিরের রাস্তা আরসিসিকরণ | ৭,০০,০০০/- |

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত বাংলা ১৪৩০ সনের হাট-বাজার রক্ষনাবেক্ষণ ও মেরামত (১০%) অর্থদ্বারা গোড়ল ইউনিয়নের উল্লিখিত প্রকল্প ০২টি গ্রহণপূর্বক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টারে ব্যবহারের জন্য পানির পাম্প ক্রয় এবং বরিংকরণ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, উপজেলা পরিষদ কার্যালয়ে কম্পিউটার মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, উপজেলা পরিষদ অফিসার্স কোয়ার্টার ও ৬নং কোয়ার্টারের ০১টি ইউনিট মেরামত (RFQ) বাবদ ৪,৪৯,৯৮৮/- (চার লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত আটাশি) টাকা, ৭নং আবাসিক কোয়ার্টারের দরজা জানালা মেরামত বাবদ ২৪,৯৯০/- (চব্বিশ হাজার নয়শত নব্বই), উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে দরজা জানালা মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, উপজেলা পরিষদ কার্যালয়ের ব্যবহারের জন্য প্রিন্টার ও টোনার ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, উপজেলা পরিষদ কার্যালয়ের ডিজিটাল সেন্টারের ল্যাপটপ মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দরজা জানালা মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, উপজেলা পরিষদ মিলনায়তনের দরজা জানালা মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, উপজেলা কর্মচারী আবাসিক কোয়ার্টার ৭নং এর দরজা জানালা মেরামত বাবদ ১৫,৫৪৬/- (পনের হাজার পাঁচশত ছয়চল্লিশ) টাকা এবং উপজেলা স্মৃতিসৌধ পরিষ্কার/মেরামতকরণ বাবদ ১৬,২১০/- (ষোল হাজার দুইশত দশ) টাকার বিল ভাউচার সভায় উপস্থাপন করেন। এছাড়া তিনি আরও জানান যে, ৫২ তম শীতকালীন বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রসা ও কারিগরী শিক্ষার শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা/২০২৪ পরিচালনার নিমিত্ত ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা অতিরিক্ত ব্যয় হয়েছে মর্মে উপজেলা পরিষদ হতে ব্যয় পরিশোধের নিমিত্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট বিল ভাউচার দাখিল করেছেন। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর খাতওয়ারি উপস্থাপনকৃত বিলসমূহ বিস্তারিত আলোচনান্তে পরিশোধের নিমিত্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত বিলসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে খাতওয়ারি পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(গ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, (ক) উপজেলা পরিষদ মিলনায়তন এবং উপজেলা পরিষদ সভাকক্ষ জরুরী ভিত্তিতে মেরামত করা সাপেক্ষে ইন্টরিয়ারকরণ বাবদ ২১,৭০,০৫৬/- (একুশ লক্ষ সত্তর হাজার ছাপান্ন) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; যা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। (খ) উপজেলা পরিষদ ভবন মেরামত করণ বাবদ ১৯,৯৯,৯৯৯/- (উনিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত নিরানব্বই) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; যা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। (গ) উপজেলা নির্বাহী অফিসারের কক্ষে টয়লেট নির্মাণ বাবদ ৭,৫৪,৪৯৭/- (সাত লক্ষ চুয়ান্ন হাজার চারশত সাতানব্বই) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে; যা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সভায় উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-এর প্রস্তুতকৃত পৃথক পৃথক প্রাক্কলনসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত স্থানীয় সরকার মন্ত্রণালয়ে বরাদ্দ প্রাপ্তির জন্য পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঘ) চেয়ারম্যান, ভোটমারী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ভোটমারী ইউনিয়নের জামিরবাড়ি মৌজার ব্যাঙ্গের হাট হতে কমিউনিটি ক্লিনিক যাওয়ার রাস্তা জরুরী ভিত্তিতে নির্মাণ করা প্রয়োজন মর্মে সভায় জানান। এছাড়া তিনি উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর সদয় দৃষ্টি আকর্ষণ করেন যে, প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিতে ইউপি চেয়ারম্যানকে সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ করা যায় কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

(ঙ) চেয়ারম্যান, মদাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, চামটাহাট হতে দইখাওয়াগামী রাস্তাটি উপজেলা পর্যায়ের ৪ জন মুক্তিযোদ্ধা সংগঠকের নামে নামকরণের জন্য সভায় উপস্থাপন করেন। চেয়ারম্যান, মদাতী ইউনিয়ন পরিষদের উপস্থাপনকৃত রাস্তাটির অনুকূলে উপজেলার ৪ জন মুক্তিযোদ্ধা সংগঠকের নামে নামকরণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাগণকে উপস্থিত থেকে সুনির্দিষ্ট সিদ্ধান্ত/মতামত গ্রহণের জন্য ধন্যবাদ জানান। এছাড়া তিনি মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলকে আন্তরিক হয়ে নিষ্ঠার সাথে কাজ করার আহবান জানান।

অতঃপর সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১/২৪
(মাহবুবুজ্জামান আহমেদ)
তারিখ:- ২৫-১-২০২৪
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কালীগঞ্জ, লালমনিরহাট।



CamScanner

উপজেলা পরিষদ কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

স্মারক নম্বর:- ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২০২৩- ০৮ (৩৫)

তারিখ: ১১ মাঘ ১৪৩০
২৫ জানুয়ারি ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব নুরুজ্জামান আহমেদ, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৭-লালমনিরহাট-২।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৮। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৯। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
১০। উপজেলা ------------------------------------------------------------ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
১১। চেয়ারম্যান ------------------------------------------------------ (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।
১২। জনাব ------------------------------------------------------------------------ কালীগঞ্জ, লালমনিরহাট।

২৫/০১/২৪

(জহির ইমাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

পরিশিষ্ট "ক" উপস্থিতি সদস্য স্বাক্ষরের ক্রমানুযায়ী (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৪. | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৫. | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ১৬. | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ১৭. | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৫. | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৮. | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৬. | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৯. | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ |
| ০৭. | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৮. | চেয়ারম্যান, দলগ্রাম, ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০৯. | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০. | চেয়ারম্যান, গোড়ল ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৩. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১১. | চেয়ারম্যান, চলবলা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১২. | চেয়ারম্যান, কাকিনা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৫. | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৬. | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ |

পরিশিষ্ট "খ"-তে সদস্য অনুপস্থিত দেখানো হলো :

| | |
|---|---|
| ০১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ০২. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |

**My Documents: E: Resulation : 25-01-2024**

CamScanner